# আল-লুলু ওয়াল মারজান

## হাদিস নাম্বারঃ ১৮০৩

৫১/ জান্নাত, তার বিবরণ, আনন্দ-উপভোগ ও তার বাসিন্দা (كتاب الجنة وصفة نعيمها وأهلها)

পরিচ্ছেদঃ ৫১/৩. জান্নাতবাসীরা বিশেষ বাসস্থানের লোকদের সেভাবে দেখবে যেমন তোমরা আকাশে তারকা দেখে থাক।

ترائى أهل الجنة أهل الغرف كما يرى الكوكب في السماء

### আরবী

حديث سَهْلِ بْنِ سَعْدٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: إِنَّ أَهْلَ الْجَنَّةِ لَيَتَرَاءَوْنَ الْغُرَفَ فِي الْجَنَّةِ، كَمَا تَتَرَاءَوْنَ الْكَوْكَبَ فِي السَّمَاءِ قَالَ: فَحَدَّثْتُ النُّعْمَانَ ابْنَ أَبِي عَيَّاشٍ فَقَالَ: أَشْهَدُ لَسَمِعْتُ أَبَا سَعِيدٍ يُحَدِّثُ وَيَزِيدُ فِيهِ كَمَا تَرَاءَوْنَ الْكَوْكَبَ الْغَارِبَ فِي الأُفُقِ الشَّرْقِيِّ وَالْغَرْبِيِّ

### বাংলা

১৮০৩. সাহ্ল বিন সা’দ (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত। তিনি বলেন, জান্নাতীরা জান্নাতে বালাখানাগুলো দেখতে পাবে, যেমন তোমরা আকাশে তারকাগুলো দেখতে পাও। (সানাদে অন্তর্ভুক্ত) রাবী ’আবদুল আযীয বলেন, আমার পিতা বলেছেন যে, আমি এ হাদীসটি নুমান ইবনু আবূ আইয়্যাশকে বলেছি। অতঃপর তিনি বলেছেন, আমি এ মর্মে সাক্ষ্য দিচ্ছি যে, অবশ্যই আবূ সাঈদকে এ হাদীস বর্ণনা করতে আমি শুনেছি এবং এতে তিনি এটুকু অতিরিক্ত বর্ণনা করেছেন “যেরূপ অস্তমান তারকাকে আকাশের পূর্ব ও পশ্চিম প্রান্তে তোমরা দেখে থাক।”

### ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮১ : সদয় হওয়া, অধ্যায় ৫১, হাঃ ৬৫৫৬; মুসলিম, পর্ব ৫১: জান্নাত, তার বিবরণ, আনন্দ-উপভোগ ও তার বাসিন্দা,অধ্যায় ৩, হাঃ ২৮৩০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85031

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন